গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.bfsa.gov.bd

**বিষয় : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কর্যবিবরণী।**

সভাপতি : মো: আব্দুল কাইউম সরকার
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ৩১ মার্চ, ২০২১ খ্রি:

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সভাকক্ষ (কক্ষ নং-১৩২০)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন, উপসচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের অগ্রগতি এবং শুদ্ধাচার সম্পর্কিত চলমান কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব নূর-ই-খাজা আলামীন আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ লক্ষ্যমাত্রাসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ ও মন্ত্রিপরিষদের APAMS software এ আপলোড করণ। | সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও লক্ষ্যমাত্রাসমূহ মন্ত্রণালয়ে প্রেরণের কথা উল্লেখ করে বলেন ২০২১-২০২২ এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ নতুন ফরমেটে তৈরি করার নির্দেশনা প্রদান করেছেন। তিনি বলেন শুদ্ধাচার সম্পর্কিত সূচকের মান এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) এর সাথে সমন্বয় করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছর হতে জাতীয় শুদ্ধাচার পরিকল্পনার ২০ সূচক মান এপিএ তে সংযোজন করা হবে। তবে প্রতিটি সংস্থার আলাদাভাবে ৫০ সূচক মান সম্বলিত একটি আলাদা জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা থাকবে। দপ্তর/সংস্থার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থার উন্নয়ন, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম শিরোনাম রেখে বিভিন্ন কার্যক্রম উল্লেখ করে মন্ত্রিপরিষদ বিভাগের নতুন ফরমেটের নির্দেশনা সম্পূর্ণরূপে জ্ঞাত হয়ে এবং বুঝে আগামী ১৫-০৫-২০২১ খ্রি: তারিখের মধ্যে ২০২১-২০২২ এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সেই সাথে তিনি মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে তৈরিকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সঠিকভাবে | মন্ত্রিপরিষদের সম্প্রতি প্রকাশিত নতুন ফরমেটের নির্দেশনা সম্পূর্ণরূপে জ্ঞাত হয়ে এবং বুঝে আগামী ১৫-০৫-২০২১ খ্রি: তারিখের মধ্যে ২০২১-২০২২ এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সেই সাথে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে তৈরিকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সঠিকভাবে আপলোড করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আপলোডের নির্দেশনা প্রদান করেন। | | |
| ২. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় কোয়ার্টারের অগ্রগতি সম্পর্কে আলোচনা | সভাপতি মহোদয় দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রমের ৩য় কোয়ার্টারের অগ্রগতি সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন করোনাকালীন দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যেও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের দপ্তরসমূহ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে নিরলস পরিশ্রম করে গেছেন। তবে শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, একটি প্রাতিষ্ঠানিক গণশুনানির আয়োজন, অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ ইত্যাদি অল্প সংখ্যক কার্যক্রম এখনো বাকি রয়েছে। সভাপতি উল্লেখিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ নিয়ে সভায় আলোচনাকালে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বর্তমানে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অফিসে GRS সফটওয়্যার চালু না থাকার বিষয়টি অবহিত করেন। তিনি বলেন যে এ বিষয়ে মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করা হয়েছে এবং আগামীতে অতি দ্রুত কার্যালয়ের অফিসে সফটওয়্যার সিস্টেম চালু সাপেক্ষে অনলাইনে অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া শুরু হবে। সভাপতি অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে অতি দ্রুত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বিষয়টির সুরাহা করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, একটি প্রাতিষ্ঠানিক গণশুনানির আয়োজন, অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ ইত্যাদি অল্প সংখ্যক কার্যক্রম নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করতে হবে।<br><br>(খ) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে অতি দ্রুত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বিষয়টি সুরাহা করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ<br><br>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং আজকের সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী যখন যে কাজ করণীয় তা সঠিক সময়ে সম্পন্ন করার জন্য আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৫/২০২১

(মো: আব্দুল কাইউম সরকার)
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৫০১.০৫.০০৫.২০ — ৯৯১ তারিখ : ৩১ মার্চ, ২০২১ খ্রি.

**বিতরণ:**

০১। জনাব মোঃ রেজাউল করিম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০২। জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৩। জনাব প্রফেসর ড. মো: আব্দুল আলীম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৪। জনাব আব্দুন নাসের খান, সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৫। জনাব আবু সাঈদ মো: নোমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৬ মুহম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক, (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৭। ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৮। জনাব আবদুর রহমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
০৯। সহকারী পরিচালক, (প্রশাসন), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইট এ আপলোড এর জন্য)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য)** :

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃ.আ. যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ)]
২। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩১/৩/২০২১
(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব